



তথ্যবিবরণী

নম্বর-২৮৯

হলুদ সাংবাদিকতা প্রতিরোধে সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন

-- প্রেস কাউন্সিল চেয়ারম্যান

রাজশাহী, ২২ জ্যৈষ্ঠ (০৫ জুন) :

বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মো. নিজামুল হক নাসিম বলেছেন, হলুদ সাংবাদিকতা প্রতিরোধে সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন। শুধু প্রেস কাউন্সিল এটা প্রতিরোধ করতে পারবে না। এর জন্য মূলধারার সাংবাদিকদের এগিয়ে আসতে হবে।

আজ বুধবার (০৫ জুন) সকালে রাজশাহী সার্কিট হাউজ সম্মেলন কক্ষে রাজশাহী জেলার প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দের অংশগ্রহণে বাংলাদেশ প্রেস কাউন্সিল আয়োজিত 'গণমাধ্যমে হলুদ সাংবাদিকতা প্রতিরোধ ও বন্ধনিষ্ঠ সাংবাদিকতা' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

নিজামুল হক প্রেস কাউন্সিল আইন এর সংশোধনের প্রয়োজনীয়তা তুলে ধরে বলেন, বর্তমান আইন অনুসারে প্রেস কাউন্সিল অপরাধীকে শুধু তিরস্কার করতে পারে। ফলে এখানে কেউ মামলা করতে অগ্রহ দেখায় না। ম্যাজিস্ট্রেট কোর্টে মামলা করে যেখানে শাস্তি অনেক বেশি। এ আইনে জরিমানার বিধান রাখলে প্রেস কাউন্সিলে মামলার পরিমাণ বাড়বে। তাতে সাংবাদিকদের জন্যও সুবিধা হবে।

তিনি বলেন, এই আইন পরিবর্তনের জন্য সরকারকে পরামর্শ দেওয়া হয়েছে। সরকার আইনটি নিয়ে পর্যালোচনা করছেন। খুব শীঘ্রই আইনটি পাশ হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এসময় তিনি হয়রানি থেকে মুক্ত থাকার জন্য মানহানিকর সংবাদ পরিবেশন থেকে বিরত থাকতে সাংবাদিকদের পরামর্শ প্রদান করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক কল্যাণ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রেস কাউন্সিলের সচিব শ্যামল চন্দ্র কর্মকার, আরএমপি'র সিটিটিসি উপপুলিশ কমিশনার সরকার ওমর ফারুক এবং আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান বক্তৃতা করেন। স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসের পরিচালক মোহাঃ ফরহাদ হোসেন।

.....
তৌহিদ/রুলুল/২০২৪/১৬:১০ঘ.